দৈনিক ইনকিলাব

তারিখ ... SEP. 2 3 1988
পৃষ্ঠা ১ কলাম ৬

110

# ঢাকা ভার্সিটিতে সবার মাঝে চরম নিরাপত্তাহীনতা দেখা দিয়েছে

## —ঢাঃ বিঃ শিক্ষক সমিতি

প্রেস বিজ্ঞপ্তি ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গভীর উদ্বেগ প্রকাশ করে বলেছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে সকলের মাঝে চরম নিরাপত্তাহীনতা দেখা দিয়েছে। গতকাল (বুধবার) ঢাঃ বিঃ শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আ ফ ম ইউসুফ হায়দারের সভাপতিত্বে অনুষ্ঠিত সমিতির এক জরুরী সাধারণ সভায় একথা বলা হয়। সভায় কয়েকটি সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহীত সিদ্ধান্তে আইন বিভাগের অধ্যাপক ডঃ এম এরশাদুল বারীর ক্যাম্পাসের বাসভবনে ডাকাতি সংঘটিত হবার পর দীর্ঘদিন অতিক্রান্ত হওয়া সত্ত্বেও ডাকাত দলকে গ্রেফতার না করায় সমিতি তীব্র ক্ষোভ প্রকাশ করেছে।